

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ১৭, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
সংশোধিত অফিস আদেশ
তারিখ, ৬ এপ্রিল ২০১৪

নং ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০১১-১৮২—উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা উপজেলা পরিষদ কর্তৃক প্রকল্প গ্রহণ/বাস্তবায়নের ক্ষেত্রে এ বিভাগের জারিকৃত নির্দেশিকা, পরিপত্র ও সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করায় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে আর্থিক অনিয়মসহ অন্যান্য ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে, যা বিদ্যমান উপজেলা পরিষদ আইন ও বিধি-বিধানের পরিপন্থী।

২। এমতাবস্থায়, উপজেলা পরিষদ কর্তৃক গৃহীত/বাস্তবায়িত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ আইন/বিধি/পরিপত্র/নির্দেশিকা অনুযায়ী সুষ্ঠুভাবে বাস্তবায়িত হচ্ছে কি না; এ বিষয়ে পরিচালক, স্থানীয় সরকার প্রতি মাসে অন্ততঃ ০৩(তিন) টি এবং উপপরিচালক স্থানীয় সরকার ০২ (দুই) টি উপজেলা পরিষদ সরেজমিনে পরিদর্শন করে প্রকল্পভিত্তিক প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তবে একটি Inspection এর পরে কমপক্ষে ০২(দুই) মাস পর আর একটি পরিদর্শন হতে পারে এবং এরূপ ট্যুর প্রোগ্রাম পরিচালক সংশ্লিষ্ট উপপরিচালককে এবং উপপরিচালক পরিচালককে অবহিত করবেন।

মোঃ আলী আকবর
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১২৮৬৭)
মূল্য : টাকা ৪.০০